

রাফখাতা

পুরনো খাতার মাঝে অনাবশ্যক যে সব একদা মনের ভুলে আনমনে হয়েছিলো  
টানা, আজ বেশকাল পর প্রতিটি রেখায় যেনো কথা বলে। বুঝে ফেলি  
একেকটা  
দিন তাতে লুকানো রয়েছে।

এই যে পাতার মাঝে হলদেটে মলিন আদর - সাক্ষী দেয়, প্রত্নসুরে জড়ো হই  
শিউলিঝরা ভোরে। সেই ভোর দাগ হয়ে রয়ে যায় পাতার ভিতর। হলুদ কুড়  
ানো  
ভোর তাই আজ ফের আসে আমার জীবনে।

কোথাও ভুলের দাগ ভুল হয়ে ক্ষতচিহ্ন রচনা করেছে। পুনরায় এই খাতা দেখি  
না  
খুলে তাদের শরীর, চুপচাপ পাণ্টে ফেলি কিছুদিন মনের খাতিরে। তবু সেই  
দিনগুলো এখানে জীবন্ত খুব, একান্ত গভীরে।

পুরনো রেখার মাঝে ধরা থাকে আশ্চর্য জীবন।

মুজিব ইরম

